

বিডিবিএল তথ্য ক্যাটালগ ও ইনডেক্স-২০২২
(BDBL Information Catalogue and Index -2022)
(সর্বশেষ হালনাগাদ, ডিসেম্বর-২০২২)



বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

(একটি রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক)

বিডিবিএল ভবন, ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০

ওয়েবসাইট: www.bdbl.com.bd

সুইফট: BDDBBDDH



-ঃ সূচীপত্র :-

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা নম্বর
(১)	(২)	(৩)
০১।	এক নজরে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড	৩
	১.১) ভিশন ও মিশন	
০২।	ব্যাংকের উল্লেখযোগ্য তথ্যঃ	৩
০৩।	ভবিষ্যৎ পরিকল্পনাঃ	৪
০৩।	প্রতিশ্রুত সেবাসমূহ	৪
	৪.১) নাগরিক সেবা	৪
	৪.২) প্রাতিষ্ঠানিক সেবা	০৭
	৪.৩) অভ্যন্তরীণ সেবা	১১
০৪।	আওতাধীন জোনাল অফিস/ ব্রাঞ্চ/ সাব-সিডিয়ারী কোম্পানীসমূহ	১৭
০৫।	তথ্য অধিকার সম্পর্কিত তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	১৯
০৬।	তথ্যের শ্রেণিবিভাগ	১৯
	"ক" শ্রেণির রেকর্ড	১৯
	"খ" শ্রেণির রেকর্ড	২০
	"গ" শ্রেণির রেকর্ড	২১
	"ঘ" শ্রেণির রেকর্ড	২১
০৭।	প্রতিশ্রুত/কাজিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়ঃ	২২
০৮।	অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি [Grievance Redress System (GRS)]	২২



বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস: ঢাকা।

১. এক নজরে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড :

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড সংক্ষেপে বিডিবিএল বাংলাদেশের একটি রাষ্ট্রায়ত্ত্বাধীন বাণিজ্যিক ব্যাংক। সরকারি সিদ্ধান্তের আওতায় বাংলাদেশ শিল্প ব্যাংক (বিএসবি) এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা (বিএসআরএস)-কে একীভূত করে ২০১০ সালের ৩ জানুয়ারি বিডিবিএল-এর কর্মযাত্রা শুরু। ব্যাংকটি ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ-দুইটি সাবসিডিয়ারী কোম্পানীর মাধ্যমে শেয়ার বেচা কেনার লাইসেন্সধারী প্রতিষ্ঠান।

১.১ ভিশন ও মিশন :

রূপকল্প (Vision)	অভিলক্ষ্য (Mission)
দেশের অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন বেসরকারী শিল্পখাত ও অর্থনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ প্রকল্পে সহায়তা করতে দেশের প্রথম শ্রেণির আর্থিক প্রতিষ্ঠান হিসেবে নিজেকে উন্নীতকরণ এবং দেশের বাণিজ্যিক ব্যাংকিং এ সম্মানিত গ্রাহকদের উন্নততর সেবা প্রদান ও নতুন নতুন ব্যবসা সম্প্রসারণের ক্ষেত্রে সক্রিয় অংশীদার হিসাবে আবির্ভূত হওয়া।	<ul style="list-style-type: none"> ➤ সেবা প্রদানের ক্ষেত্রে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাথে প্রতিযোগিতামূলক হওয়া; ➤ বিনিয়োগের জন্য নতুন ও লাভজনক ক্ষেত্র নির্বাচনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখা; ➤ উৎপাদনশীল খাতে বিনিয়োগের জন্য আমানত বৃদ্ধি করা; ➤ বাণিজ্যিক ও ভৌগলিকভাবে গুরুত্বপূর্ণ স্থানসমূহে ব্রাঞ্চের নেটওয়ার্ক বিস্তৃত করা; ➤ যোগ্যতা সম্পন্ন মানব সম্পদ নিয়োগ ও দেশে-বিদেশে যথাযথ প্রশিক্ষণ ও অনুপ্রেরণার মাধ্যমে তাঁদের কর্মদক্ষতার উৎকর্ষতা সাধন করা; ➤ যথাযথ জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে অধিকতর ক্ষমতা অর্পণ করা; ➤ ব্যবসায়িক নীতিমালা ও পদ্ধতিতে হালনাগাদ ও চলমান উন্নয়ন সাধনের ব্যবস্থা নিশ্চিত করা; ➤ নতুন টেকনোলজি গ্রহণ এবং তা ব্যবহারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া; ➤ শক্তিশালী, দক্ষ এবং দূরদর্শী আর্থিক কর্মদক্ষতার মাধ্যমে সর্বোচ্চ মুনাফা অর্জন করা; এবং ➤ বাজার চাহিদার উপর ভিত্তি করে নতুন নতুন সেবার প্রচলন ও বিপণন করা।

২. ব্যাংকের উল্লেখযোগ্য তথ্য :

- ব্যাংকে e-filling এবং e-tendering (e-gp) বাস্তবায়ন করা হয়েছে;
- জাতীয় e-gp পোর্টালে সংযুক্ত হয়ে যাবতীয় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে;
- সকল ব্রাঞ্চে সঞ্চয়পত্র বিক্রয় পদ্ধতি চালু আছে;
- ট্রেজারী চালানোর অর্থ জমা নেয়া হচ্ছে;
- তিতাস, ডিপিডিসি, পল্লীবিদ্যুৎ, নেসকো ও বাখরাবাদ এর বিল নেয়া হয়;
- Mobile Apps, Bangla QR Code ও MFS Service (Bkash, Nagad, Rocket) এর মাধ্যমে লেনদেন করা হয়;
- e-KYC (e-Account) এর মাধ্যমে ঘরে বসে একাউন্ট খোলা যায়;
- ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিং, ই-কমার্স ট্রানজেকশন, চালু করা হয়েছে;
- ব্যাংকের কোন মূলধন ঘাটতি নেই, তারল্য সংকটও নেই এবং ভবিষ্যতে এ ধারা রাখার চেষ্টা করা হচ্ছে;
- গ্রাহকের জাতীয় পরিচয়পত্রের (NID) তথ্যাদি যাচাইয়ের লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশনের সাথে চুক্তি করা হয়েছে এবং নিয়মিতভাবে জাতীয় পরিচয়পত্র যাচাই করা হচ্ছে;
- সকল শাখায় EFTN, RTGS সুবিধা রয়েছে;
- কার্যকর MIS গড়ে তোলার লক্ষ্যে নতুন Software চালু রয়েছে;
- ৫(পাঁচ) টি Authorized Dealer ব্রাঞ্চের মাধ্যমে আমদানী রপ্তানী বাণিজ্যের জন্য SWIFT টেকনোলজি রয়েছে;
- এ ব্যাংকের মাধ্যমে বৈদেশিক রেমিট্যান্স দ্রুত পরিশোধ করা হয়;
- ব্যাংকের ২টি সাবসিডিয়ারী কোম্পানীর মাধ্যমে ব্যাংক পুঁজি বাজারে স্টক ব্রোকারেজ ও স্টক ডিলারের কার্যক্রম পরিচালনার মাধ্যমে নিয়মিত ভাবে মুনাফা করছে;
- নিজস্ব উন্নয়নকৃত বিভিন্ন সফটওয়্যার চালু রয়েছে; যেমন:
 - Payroll (Salary Management)
 - PMIS (Personnel Information Management)
 - PF (Provident Fund Management)
 - LAD (Written-Off Project Mngement)
 - STFL (Staff Loan Management)
 - BDBL Law Suit Management & Monitoring System
 - Online IT Management System
 - Online Loan Application System
 - Collateral Security Information System
 - BDBL Training Management System
 - Management Information System (BDBL MIS)